

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সেলাই মেশিন বরাদ্দের নীতিমালা :

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর একটি সেবামুখী প্রতিষ্ঠান। এ অধিদপ্তরের অনুকূলে প্রতি অর্থ বছরে প্রদত্ত খোক বরাদ্দ হতে সেলাই মেশিন ক্রয় করে মহিলাদের মধ্যে বিতরণ করা হয়। জেলা এবং উপজেলা পর্যায়ে মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে এসব মহিলাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমাজে উৎপাদনমুখী কার্যক্রমের প্রসার তথা আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সেলাই মেশিন বিতরণের এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সমাজের অনগ্রসর মহিলাদের অর্থনৈতিক স্বাবলম্বিতা অর্জনের মাধ্যমে স্ব-নির্ভর করে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করাই এ কার্যক্রমের মূল উদ্দেশ্য।

২। সেলাই মেশিন বরাদ্দের উপযোগী ব্যক্তি :

- (ক) সেলাই মেশিন বরাদ্দের উপযোগী ব্যক্তি মহিলা হবেন ;
- (খ) এতিম, বিধবা, দুঃস্থ অসহায় ও সামাজিক প্রতিবন্ধী মহিলাগণ সেলাই মেশিন বরাদ্দের উপযোগী হবেন।
- (গ) মাননীয় সংসদ সদস্যদের মাধ্যমে তাঁদের মনোনীত প্রার্থীগণ সেলাই মেশিন পাবেন।
- (ঘ) বিভাগীয় শহরে পরিচালিত 'মহিলা সহায়তা কর্মসূচীর' আওতাধীন 'মহিলা সহায়তা কেন্দ্রে' এক্ষেত্রে O.C.C-তে আশ্রিতা, নির্যাতিত মহিলাদের মধ্যে সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের আর্থিক অবস্থা বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দের জন্য উক্ত কেন্দ্রের প্রতিটিতে বছরে ০৫টি করে সেলাই মেশিন বরাদ্দ করা হবে।
- (ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তরের রেজিস্ট্রেশনপ্রাপ্ত সমিতি/ প্রতিষ্ঠান ও সরকার কর্তৃক অনুমোদিত মহিলাদের সেলাই বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সংগঠন/সংস্থাকে সেলাই মেশিন বরাদ্দ করা যাবে।
- (চ) ২০০৯-২০১৩ পর্যন্ত অবরাদ্দকৃত ১০৪০টি মেশিন দুঃস্থ, অসহায় ও নির্যাতিত নারীদের নিকট থেকে ব্যক্তিগতভাবে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মেশিন বরাদ্দ প্রদান করবেন।

৩। আবেদনের নিয়মাবলী :

- (ক) মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে ;
- (খ) আবেদনপত্র মাননীয় সংসদ সদস্যগণের সুপারিশসহ দাখিল করতে হবে। মহিলা সংসদ সদস্যগণ অগ্রাধিকার পাবেন।

৪। সেলাই মেশিন বরাদ্দের শর্তাবলী :

- (ক) নির্দিষ্টকৃত অঙ্গীকার নামাসহ জাতীয় পরিচয় পত্র অথবা উপজেলা নির্বাহী অফিসার/ওয়ার্ড কমিশনার/ ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত ছবি দাখিল করে বরাদ্দ আদেশ জারীর তিন মাসের মধ্যে সেলাই মেশিন গ্রহণ করবেন। অন্যথায় বরাদ্দ আদেশ বাতিল বলে গণ্য হবে।



[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

পূর্ব পৃষ্ঠার পর :

(খ) আবেদনকারী নিজে সেলাই মেশিন গ্রহণে অপারগ হলে স্থানীয় ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত অথরাইজেশন লেটার (ক্ষমতাপত্র) এবং মূল বরাদ্দপত্রসহ তাঁর প্রতিনিধির মাধ্যমে সেলাই মেশিন গ্রহণ করতে পারবেন।

(গ) বরাদ্দপ্রাপ্ত মহিলার অনুকূলে ২য় বার সেলাই মেশিন বরাদ্দের বিষয়টি প্রয়োজন বোধে শিথিল করা যাবে।

৫। বিতরণ পদ্ধতি : সেলাই মেশিন বিতরণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে মেশিন মজুদ করা হবে। সেলাই মেশিন বরাদ্দ প্রদানকালে বরাদ্দ প্রাপ্তগণের এলাকা ভিত্তিতে উক্ত মজুদ হতে নিকটবর্তী জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে মেশিন প্রেরণ করা হবে।

৬। সেলাই মেশিন বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদনপত্র নিম্নোক্ত উপদেষ্টা কমিটি যাচাই-বাছাই করবে :

| | | |
|-----|---|------------|
| (ক) | মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সভাপতি |
| (খ) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| (গ) | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (ঘ) | অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য |
| (ঙ) | উপ-সচিব (মবিঅ-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য সচিব |

৭। কমিটির কার্য পরিধি :

(ক) কমিটি সেলাই মেশিন বরাদ্দের জন্য প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে চূড়ান্ত করবে।

(খ) সভাপতি প্রয়োজনবোধে যে কোন সময় সভা আহ্বান করতে পারবেন।

Amam